২৭৫

দৈনিক ইনকিলাব

তারিখ OCT. 1 0 1999
পৃষ্ঠা ২ কলাম ২

# দুর্গা পূজার আগেই সকল বেসরকারী শিক্ষক-কর্মচারীর সেপ্টেম্বরের বেতন দেয়ার দাবী

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ শিক্ষক সমিতি. ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব মোঃ সেলিম ভূঁইয়া ও ফেডারেশনের দপ্তর সম্পাদক উপাধ্যক্ষ জানে আলম সিকদার গতকাল এক বিবৃতিতে বেসরকরী শিক্ষকদের সেপ্টেম্বর '৯৯ মাসের বেতনের সরকারী অংশ প্রদানের ব্যবস্থা নেয়ায় শিক্ষামন্ত্রী জনাব এ এস এইচ কে সাদেক ও শিক্ষা সচিবকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন। বিবৃতিতে ফেডারেশন নেতৃবৃন্দ সকল শিক্ষক কর্মচারী যাতে স্বল্পতম সময়ের মধ্যে জরুরী ভিত্তিতে বেতনের টাকা উঠাতে পারে তার ব্যবস্থা নেয়ার জন্য বিশেষ করে হিন্দু শিক্ষক-কর্মচারীদের হাতে যেন দুর্গা পূজার আগেই টাকা পৌছায় তা নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশদানের জন্য সরকারের প্রতি অনুরোধ জানিয়েছেন।